

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
“শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০৭.০২৪.২৩ নথির বিষয়: “Procurement of Black Ink, Markem Imaje MB175 for Date coding Printer machine, Markem Imaje (9020) for BWPP.” কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: “Procurement of Black Ink, Markem Imaje MB175 for Date coding Printer machine, Markem Imaje (9020) for BWPP.” কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১০/৮/২৩ ১২:০৫ অপরাহ্ন



“শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টে ০.২৫ লিটার, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০ লিটার এবং ৫.০ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন করা হয়। উৎপাদিত “শান্তি” পানি বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়। উৎপাদন কাজে ব্যবহৃত PET বোতল অত্র প্ল্যান্টে উৎপাদন করে পানি ফিলিং করা হয়। বোতল উৎপাদন কাজে Preform Injection Moulding Machine এর সাহায্যে PET হতে প্রিফর্ম এবং Preform Stretch Blow Moulding Machine এর সাহায্যে প্রিফর্মকে বোতলে রূপান্তরিত করা হয়। তৈরীকৃত বোতলে পরবর্তীতে Bottle Filling Machine এর সাহায্যে পানি ফিলিং করে Shrink Wrapping Machine এর সাহায্যে বিক্রয়ের জন্য পানির বোতলের কেস তৈরী করে মজুদ করা হয়। উল্লেখ্য, পানি ফিলিং করার পর বোতলের গায়ে নিয়ম অনুযায়ী উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং মূল্য প্রিন্ট করা হয়। বোতলের গায়ে প্রিন্ট করার কাজে Markem Imaje (9020) ব্যবহার করা হয়। বর্ণিত মেশিনে ব্যবহৃত Black Ink Markem Imaje MB175 এর মজুদ শেষ হয়ে গেছে (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য মালামালের মজুদ বিবরণী সদয় দ্রষ্টব্য)। কাজেই পানি ফিলিং করার পর বোতলের গায়ে নিয়ম অনুযায়ী উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং মূল্য প্রিন্ট কাজে Markem Imaje (9020) মেশিনের Black Ink, Markem Imaje MB175 সংগ্রহের জন্য পূর্বানুমোদিত দর (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দর সদয় দ্রষ্টব্য) এর ভিত্তিতে একটি প্রাক্কলন (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন সদয় দ্রষ্টব্য) তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাড়ায় ৪৯,৪০০/- (উনপঞ্চাশ হাজার চারশত টাকা মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৩-২৪ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের বোতল প্ল্যান্ট রক্ষণাবেক্ষণ (বাজেট কোড: ০১-০৪-০১২) খাতের আওতায় অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২০ প্যাকেজ নং-১ হতে নির্বাহ করা যেতে পারে (বিবেচ্য সংযুক্তি: অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২০ সদয় দ্রষ্টব্য)।

সংযুক্তিসমূহ (৪):

- ১। অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ২০.
- ২। আলোচ্য মালামালের মজুদ বিবরণী.
- ৩। পূর্বানুমোদিত দর.
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১০/৮/২৩ ১২:০৫ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Procurement of Black Ink, Markem Imaje MB175 for Date coding Printer machine, Markem Imaje (9020) for BWPP.” কাজটি পাবলিক প্রকিউরমেন্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2008 এর ৭৬(১)(ট) অনুসরণে ঠিকাদারি প্রতিষ্ঠান RUSafa Corporations এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য ৪৯,৪০০/- (উনপঞ্চাশ হাজার চারশত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে, যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১০/৮/২৩ ১২:২০ অপরাহ্ন সুশান্ত রঞ্জন ধর উপ-সহকারী প্রকৌশলী “শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট	১০/৮/২৩ ১২:২৪ অপরাহ্ন মোঃ ফয়সাল খান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) “শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট	১০/৮/২৩ ৪:৩৭ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী প্লান্ট ম্যানেজার (অতিরিক্ত দায়িত্ব) “শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট	১০/৮/২৩ ১১:২৯ পূর্বাহ্ন মোঃ আরিফ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


১৩/৮/২৩ ১১:২৯ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৪/৮/২৩ ৭:১৪ অপরাহ্ন


অনুমোদিত



১৪/৮/২৩ ৭:১৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৬/৮/২৩ ৮:৩৮ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
প্লান্ট ম্যানেজার (অতিরিক্ত দায়িত্ব)
“শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট



১৬/৮/২৩ ৯:২৭ পূর্বাহ্ন
সুশান্ত রঞ্জন ধর
উপ-সহকারী প্রকৌশলী
“শান্তি” বোতল পানি উৎপাদন প্লান্ট